**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/31/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল সর্বকালীন শক্তিশালী ক্যানাবিস শিল্পের খুচরা বিক্রয়ে 1 বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে যাওয়া উদযাপন করলেন

***নিউ ইয়র্ক স্টেটের ক্যানাবিস শিল্প খুচরা বিক্রয় 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশিতে পৌঁছেছে যা ব্যাপক বৃদ্ধি এবং ভোক্তার আস্থাকে প্রতিফলিত করে***

***সংখ্যালঘু এবং নারী-মালিকানাধীন ব্যবসার ক্ষমতায়ন করে, সামাজিক ও অর্থনৈতিক ইক্যুইটি আবেদনকারীদের, নিউ ইয়র্কের ক্যানাবিস লাইসেন্স প্রদান 50% এর বেশি রাজস্ব বৃদ্ধি করেছে***

***275টিরও বেশি লাইসেন্সপ্রাপ্ত ডিসপেনসারি এবং 500টি সাপ্লাই-সাইড লাইসেন্স ক্যানাবিস ইক্যুইটির ঐতিহাসিক মাইলফলকে অবদান রাখে***

***500টি ব্র্যান্ড এখন বাজারে পরিষেবা প্রদান করে বলে পণ্যের বৈচিত্র্য এবং উদ্ভাবন ত্বরান্বিত হয়***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ গর্বের সাথে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের ক্যানাবিস শিল্প খুচরা বিক্রয়ে 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি একটি ঐতিহাসিক মাইলফলকে পৌঁছেছে। এই কৃতিত্ব উদ্যোক্তা, ভোক্তা এবং কমিউনিটির উত্সর্গকে প্রতিফলিত করে যারা আইনি বাজার গ্রহণ করেছে এবং ক্যানাবিস ইক্যুইটি এবং উদ্ভাবনে একটি জাতীয় নেতা হিসাবে নিউ ইয়র্ককে প্রতিষ্ঠিত করতে সহায়তা করেছে।

"এই বছরের শুরুতে, আমার প্রশাসন নিউ ইয়র্কের উদীয়মান ক্যানাবিস শিল্পের মধ্যে অগ্রগতি এবং অর্থনৈতিক সুযোগের উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছিল, যার মধ্যে নতুন প্রণয়নকারী ক্ষমতাকে স্বাক্ষর করে আইনে পরিণত করা যা লাইসেন্সবিহীন স্টোরফ্রন্টগুলি বন্ধ করার কাজকে ত্বরান্বিত করেছে এবং ফলস্বরূপ, আমাদের আইনি বাজারকে শক্তিশালী করেছে," **গভর্নর হোকল বলেছেন।** "আজ, আমরা 1 বিলিয়ন মার্কিন ডলারের মাইলফলককে শুধুমাত্র একটি সংখ্যার চেয়ে বেশি হিসাবে স্বীকৃতি দিই—এটি তাদের কঠোর পরিশ্রমের প্রমাণ যারা দেশের সবচেয়ে শক্তিশালী ক্যানাবিস শিল্প গড়ে তুলতে সহায়তা করেছে: এমন একটি যা ইক্যুইটিকে অগ্রাধিকার দেয়, জননিরাপত্তা নিশ্চিত করে এবং কমিউনিটিকে শক্তিশালী করে তোলে।"

**ক্যানাবিস পরিচালনা কার্যালয়ের (Office of Cannabis Management) ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক Felicia A.B. Reid (ফেলিসিয়া এ.বি. রিড) বলেছেন,** "এই মাইলফলকটি নিউইয়র্ক জুড়ে ক্যানাবিস উদ্যোক্তাদের প্রাণোচ্ছলতা, কঠোর পরিশ্রম এবং উদ্ভাবনের প্রমাণ। কারণ 1 বিলিয়ন মার্কিন ডলার একটি অবিশ্বাস্য পরিমাণ। আসুন আমরা ক্যানাবিস সেবনকারী ব্যক্তি, ব্যবসা এবং কমিউনিটিকে সাধুবাদ জানাই যারা আমাদের স্টেটের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে চালিত করে। অবশ্যই, এই মুহূর্তটি নিয়ন্ত্রিত ক্যানাবিসের জন্য ভোক্তাদের চাহিদার শক্তির উপর জোড় দেয়—আরও গুরুত্বপূর্ণভাবে, এটি দৃঢ়ভাবে দেখায় যে শিল্পের জন্য একটি সামাজিক এবং অর্থনৈতিক ইক্যুইটির দৃষ্টিভঙ্গী পদ্ধতি শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধির বিরোধী নয়। নিউ ইয়র্কবাসীরা এমন একটি বাজারে তাদের আস্থা রেখেছে যা ইক্যুইটিকে অগ্রাধিকার দেয়—এবং OCM (ওসিএম) সেই মিশনকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউ ইয়র্কের ক্যানাবিস ইক্যুইটির জন্য মান নির্ধারণ করাকে কার্যকর করেছে। সমস্ত প্রাপ্তবয়স্কের-ব্যবহারের লাইসেন্সগুলির অর্ধেকেরও বেশি সংখ্যালঘু- এবং নারী মালিকানাধীন ব্যবসা থেকে উল্লেখযোগ্য প্রতিনিধিত্ব সহ সামাজিক এবং অর্থনৈতিক ইক্যুইটি আবেদনকারীদের দেওয়া হয়েছে। এই কৃতিত্ব নিউ ইয়র্কে ক্যানাবিস সেবনের ক্ষেত্রে উল্লেখযোগ্য বৃদ্ধির সময়ে এসেছে। গত এক দশকে, রিপোর্ট অনুসারে, নিউ ইয়র্কবাসীদের মধ্যে 19 শতাংশ বার্ষিক ব্যবহার (+30 শতাংশ) এবং 12 শতাংশ মাসিক ব্যবহার (+43 শতাংশ) সহ, প্রাপ্তবয়স্কদের মধ্যে ক্যানাবিস সেবন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। উপরন্তু, 67 শতাংশ ভোক্তা যারা গত বছরে ক্যানাবিস সেবন করেছেন তারা আইনি খুচরা উৎস থেকে কেনার কথা জানিয়েছেন, যা নিয়ন্ত্রিত বাজারের উপর ক্রমবর্ধমান আস্থাকে প্রতিফলিত করে।

**ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের (Cannabis Control Board) মহিলা সভাপতি Tremaine Wright (ট্রেমেইন রাইট) বলেছেন,** "নিউ ইয়র্কের ক্যানাবিস শিল্পটি ইক্যুইটি এবং সুযোগের উপর ফোকাস করে ডিজাইন করা হয়েছিল এবং আজকের এই অর্জন প্রমাণ করে যে আমাদের পদ্ধতি সফল হয়েছে। সামাজিক এবং অর্থনৈতিক ইক্যুইটি আবেদনকারীদের অগ্রাধিকার দিয়ে, আমরা এমন একটি বাজার তৈরি করছি যা কমিউনিটির উন্নতি ঘটায় এবং স্টেট জুড়ে অর্থপূর্ণ অর্থনৈতিক প্রভাবকে উৎসাহিত করে। এই সমৃদ্ধশালী শিল্পের কর থেকে সৃষ্ট রাজস্ব সরাসরি আমাদের কমিউনিটিতে পুনঃবিনিয়োগ অনুদান কর্মসূচিকে (Community Reinvestment Grant Program) সমর্থন করে, এটি নিশ্চিত করে যে ক্যানাবিস নিষেধাজ্ঞার দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত কমিউনিটিগুলিতে গুরুত্বপূর্ণ বিনিয়োগ করা হয়। আমাদের একটি অন্তর্ভুক্তিমূলক এবং সু-নিয়ন্ত্রিত শিল্পে বিনিয়োগ করলে কী করা সম্ভব এটি তার শুরু।"

**অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা Crystal Peoples-Stokes (ক্রিস্টাল পিপলস-স্টোকস) বলেন,** "বাফেলো বিলের (Buffalo Bill) কোচ যেমন বলেছেন, 'প্রক্রিয়াটির উপর ভরসা রাখুন।' পরিস্থিতি উন্নত এবং পরিমার্জিত হতে থাকবে, তবে নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ ক্যানাবিস ম্যানেজমেন্ট (Office of Cannabis Management, OCM) তার সদ্যজাত ক্যানাবিস শিল্পের সাফল্যের অভিমুখে একটি শক্ত ভিত স্থাপন করেছে। এই মাইলফলক অতিক্রম করার জন্য OCM কর্মী, পক্ষসমর্থনকারী এবং তাদের সকলের প্রধান ভরসাস্থল, নিউ ইয়র্কের ছোট ব্যবসার ক্যানাবিস সরবরাহের চেইনকে অভিনন্দন।"

ঘোষণাটি নিউ ইয়র্ক ক্যানাবিসের জন্য একটি শক্তিশালী এবং রূপান্তরকারী বছরের শেষের দিকে আসে, যেমনটি সবেমাত্র প্রকাশিত OCM বার্ষিক প্রতিবেদনে হাইলাইট করা হয়েছে। রিপোর্টের উল্লেখযোগ্য বিষয়গুলোর মধ্যে রয়েছে:

**পর্যালোচনাধীন 2024**:

- স্টেট অর্থ বছর 2023-2024 এবং 2024-2025-এ 5,250টিরও বেশি লাইসেন্স, পারমিট এবং রেজিস্ট্রেশন ইস্যু বা অস্থায়ীভাবে অনুমোদিত হয়েছে
  - 221টি প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের চাষ করার লাইসেন্স
    - 292টি প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের প্রক্রিয়াকারী লাইসেন্স
      - 569টি শর্তসাপেক্ষ প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের খুচরা ডিসপেনসারির লাইসেন্স
        - 448টি প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের খুচরা ডিসপেনসারির লাইসেন্স
          - 185টি প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের বন্টনকারী লাইসেন্স
            - 272টি প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের ক্ষুদ্র ব্যবসার লাইসেন্স
              - 3,265টি ক্যানাবিনয়েড হেম্প লাইসেন্স ও পারমিট
                - 17টি নিবন্ধীত সংস্থা
                - ব্যবসার জন্য উন্মুক্ত 269টি প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের খুচরা বিক্রির ডিসপেনসারি
                - প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের 54.1 শতাংশ লাইসেন্স সামাজিক ও অর্থনৈতিক ইক্যুইটি ব্যবসাকে ইস্যু করা হয়েছে
                - 2024 সালের নভেম্বর 30, 2024 পর্যন্ত প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের ক্ষেত্রে বিক্রি 757.8-মিলিয়ন মার্কিন ডলার
                - স্টেট অর্থ বছর 2023-2024-এ কর, ফী এবং জরিমানা বাবদ রাজস্ব আদায় 80.2 মিলিয়ন মার্কিন ডলার
                - স্টেট অর্থ বছর 2024-2025-এর মাঝামাঝি কর, ফী এবং

জরিমানা বাবদ রাজস্ব আদায়
67 মিলিয়ন মার্কিন ডলার

## ইকুইটি + কমিউনিটির অংশীদারীত্ব + প্রশিক্ষণ

- ক্যানাবিস হাব এবং ইনকিউবেটর প্রোগ্রাম (Cannabis Hub and Incubator Program, CHIP) SEE আবেদন সহায়তা, কারিগরি সহায়তা প্রদানকারী, CHIP একাডেমি এবং CAURD অ্যাক্সিলারেটর প্রোগ্রামের (CAURD Accelerator Program) সাথে সহযোগিতা সহ, OCM 2024 সালে, ইক্যুইটি আবেদনকারীদের এবং লাইসেন্সধারীদের জন্য তার সমর্থন অব্যাহত রেখেছে।
- উল্লেখযোগ্যভাবে লাইসেন্স প্রক্রিয়াকরণের উন্নতি করতে এবং স্বচ্ছতা বাড়াতে, OCM একটি সিঙ্গেল পয়েন্ট অফ কন্টাক্ট (SPOC) লাইসেন্সিং পর্যালোচনা মডেল কার্যকর করেছে।
- ক্যানাবিস উপদেষ্টা পরিষদের (Cannabis Advisory Board) সাথে অংশীদারিত্বে, কমিউনিটি পুনঃবিনিয়োগ প্রোগ্রাম অনুদানের জন্য আবেদনের উইন্ডোটি খুলেছে, যা ঐতিহাসিকভাবে কম-সংস্থানযুক্ত, সুবিধাবঞ্চিত এবং অতিরিক্ত নিয়ন্ত্রিত এলাকাগুলিতে বিনিয়োগ করবে।
- ফেব্রুয়ারী 2024-এ, ওসিএম ভেটেরান্স টাস্কফোর্স (OCM Veterans Taskforce) প্রবীণ জনগোষ্ঠীকে ক্যানাবিস সম্পর্কিত সহায়তা প্রদান, শিক্ষিত করে তোলা এবং সংস্থান সরবরাহ করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল।
- 2024 সালে, গভর্নরের যানবাহন নিরাপত্তা কমিটি (Governor's Traffic Safety Committee, GTSC) দ্বারা OCM-এর সহায়তায় 22টি উন্নত সড়ক পার্শ্বস্থ নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানো বলবত্করণ প্রশিক্ষণ (Advanced Roadside Impaired Driving Enforcement Trainings) পরিচালিত হয়েছিল, যাতে নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানো শনাক্ত করার জন্য প্রয়োজনীয় দক্ষতায় 797 জন অফিসারকে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল।
- উপরন্তু, OCM-এর সহায়তায় চারটি মাদক স্বীকৃতি বিশেষজ্ঞ (Drug Recognition Expert, DRE) স্কুল GTSC দ্বারা আয়োজিত হয়েছে যা 60 জন নতুন শংসাপ্রাপ্ত DRE অফিসারকে বাহিনীতে যুক্ত করেছে এবং NYS-এ সক্রিয় DRE-শংসাপ্রাপ্ত অফিসারের সংখ্যা 445 এ নিয়ে এসেছে।

## মেডিকেল ক্যানাবিস:

- 100,000 জনেরও বেশি রোগী মেডিকেল ক্যানাবিস প্রোগ্রাম (Medical Cannabis Program)-এ নিবন্ধীত
- প্রায় 8,500 জন নিবন্ধীত পরিচর্যা প্রদানকারী
- 4,454 জন শংসাপত্র প্রদানকারী
- 21টি মেডিকেল ডিসপেনসারি
- 11টি মেডিকেল এবং প্রাপ্তবয়স্কের-ব্যবহারের একত্রে-অবস্থিত ডিসপেনসারি
- মেডিকেল ক্যানাবিস পণ্যের 3,550টি লট পরীক্ষাগারে পরীক্ষিত

- 2024টি মেডিকেল ক্যানাবিস প্রচারাভিযান 9.8 মিলিয়নের বেশি ইমপ্রেশন অর্জন করেছে, 42,500টির বেশি ক্লিক অর্জন করেছে এবং 1 মিলিয়ন ভিডিও সম্পূর্ণ করার অনুরোধ এসেছে

**বলবৎকরণ:**

- 1,300-বলবৎকরণ পরীক্ষা সম্পন্ন হয়েছে
- 450টি ব্যবসায়িক প্রতিষ্ঠান তালাবন্ধ করা হয়েছে
- 16,900 পাউন্ড অবৈধ পণ্য বাজেয়াপ্ত করা হয়েছে
- বাজার মূল্যে 68.5 মিলিয়ন মার্কিন ডলার পরিমাণের পণ্য বাজেয়াপ্ত করা হয়েছে
- প্রাপ্তবয়স্কের-ব্যবহারের ক্যানাবিস পণ্যের 8,700টি লট পরীক্ষাগারে পরীক্ষিত
- সম্মতি পরিদর্শনের ক্ষেত্রে 431 ঘন্টা

নিউ ইয়র্কের ক্যানাবিস স্ট্র্যাটেজি স্টেট জুড়ে ছোট ব্যবসা এবং উদ্যোক্তাদের জন্য একটি নিরাপদ এবং ন্যায্য বাজার নিশ্চিত করে। স্থানীয় পৌরসভার সাথে সহযোগিতায় OCM নিউ ইয়র্ক জুড়ে শতাধিক অবৈধ দোকানে তালা লাগিয়ে দিয়েছে, যার ফলে 16,000 পাউন্ডের বেশি অনিরাপদ ক্যানাবিস পণ্য আটক করা হয়েছে। OCM লাইসেন্সবিহীন অপারেটরদের মোকাবেলা করার ক্ষমতা বাড়িয়েছে এবং শক্তিশালী সম্পর্ক গড়ে তুলেছে যা বাজারে ক্যানাবিসের ক্রমবর্ধমান বৃদ্ধির কারণে শিল্প এবং নিউ ইয়র্ক কমিউনিটি উভয়েরই উপকার হয়। নিউইয়র্ক তার ইক্যুইটি এবং অন্তর্ভুক্তির প্রতিশ্রুতিতে অবিচল রয়েছে।

আরও জানতে, অফিস অফ ক্যানাবিস ম্যানেজমেন্টের 2024 এর বার্ষিক প্রতিবেদন পড়ুন, যা গত বছরে OCM এর সম্পন্ন করা কাজের বিস্তারিত বিবরণ প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন